রোহিঙ্গা সংকট সমাধানে ফ্রান্স বাংলাদেশের পাশে থাকবে: ম্যাক্রোঁ

দীর্ঘদিন ধরে বয়ে চলা রোহিঙ্গা সমস্যা সমাধানে বাংলাদেশের পাশে জোরালোভাবে থাকার আশ্বাস দিয়েছে ফ্রান্স। স্থানীয় সময় বুধবার প্যারিস সফররত বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠকে এ আশ্বাস দিয়েছেন ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ।

এ তথ্য জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী একে আবদুল মোমেন। তিনি বর্তমানে প্রধানমন্ত্রীর সঙ্গে প্যারিস সফরে আছেন। ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁর আমন্ত্রণে সে দেশে সরকারি সফরে আছেন প্রধানমন্ত্রী ও তার সফরসঙ্গীরা।

দুই নেতার বৈঠকের পর পররাষ্ট্রমন্ত্রী প্যারিসের হোটেলে সংবাদ সম্মেলন করেন। বলেন, বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের মিয়ানমারে ফিরিয়ে নিতে বাংলাদেশ যে দাবি করে আসছে তাতে জোরালো সমর্থন দিয়েছেন ফ্রান্সের প্রেসিডেন্ট ম্যাক্রোঁ।

ফ্রান্সের প্রেসিডেন্ট বাংলাদেশের প্রধানমন্ত্রীকে আশ্বাস দিয়ে বলেছেন, আমরা সিরিয়াসলি আপনাদের সঙ্গে থাকব এবং রোহিঙ্গা সঙ্কটের যেন সমাধান হয়, সেজন্য আমরা জাতিসংঘের স্থায়ী সদস্য হিসেবে সেখানে ভূমিকা রাখব।
রোহিঙ্গা সঙ্কট নিয়ে সম্প্রতি আন্তর্জাতিক সম্প্রদায়ের মনোভাবের ‘পরিবর্তন’ আসার কথা শেখ হাসিনা-ম্যাক্রোঁর বৈঠকে তুলে ধরা হয়। এ বিষয়ে পররাষ্ট্রমন্ত্রী বলেন, ‘আমরা বললাম যে ইদানিং একটা পরিবর্তন এসেছে। আসিয়ান বলেছে তোমরা দ্বিপক্ষীয়ভাবে সমস্যার সমাধান কর। আমরা (ফ্রান্সকে) বললাম আপনারা এটা নিরাপত্তা পরিষদে নিয়ে আসেন।… তারা বলেছে এইটা তারা দেখভাল করবে।”

মিয়ানমারের সেনাবাহিনীর নির্যাতন ও নিপীড়নের শিকার হয়ে প্রায় ১১ লাখ রোহিঙ্গা বাংলাদেশে আশ্রয় নিয়েছে। বাংলাদেশ তাদের জরুরি চিকিৎসা খাদ্য ও বাসস্থানের ব্যবস্থা করেছে।

আন্তর্জাতিক চাপের মুখে মিয়ানমার সরকার রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে ২০১৭ সালের শেষ দিকে বাংলাদেশের সঙ্গে চুক্তি করেছে। সেটি আজও

বাস্তবায়ন করেনি। এমতাবস্থায় মিয়ানমারের জান্তা সরকারের ওপর চাপ সৃষ্টি করতে আন্তর্জাতিক সম্প্রদায়কে বলে আসছে বাংলাদেশ।

এদিকে বাংলাদেশে বিনিয়োগের যে সুবিধা সরকার করে দিয়েছে, তার সুযোগ নিতে ফরাসি ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, বাংলাদেশে ফরাসি বিনিয়োগ এখনও তার বৈশ্বিক বিনিয়োগের তুলনায় কম।

আমি ফরাসি বিনিয়োগকারীদের বাংলাদেশে বিনিয়োগের সুযোগগুলো সরাসরি প্রত্যক্ষ করার আমন্ত্রণ জানাচ্ছি।
ফ্রান্সে এমইডিইএফ ইন্টারন্যাশনালের ব্যবসায়ী নেতাদের সঙ্গে বুধবার এক বৈঠকে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান।

প্রধান অর্থনৈতিক কেন্দ্রগুলোর মধ্যে সেতু হিসাবে কাজ করার জন্য বাংলাদেশ ইন্দো-প্যাসিফিক অঞ্চলে একটি কৌশলগত অবস্থানে রয়েছে উল্লেখ করে শেখ হাসিনা বলেন, আমরা বাংলাদেশকে একটি আঞ্চলিক সংযোগ কেন্দ্রে পরিণত করার জন্য কাজ করছি।

প্রধানমন্ত্রী বলেন, ‘বাংলাদেশ ও ফ্রান্সের মধ্যে দ্বিপক্ষীয় বাণিজ্য ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে দ্বিপক্ষীয় বাণিজ্য প্রায় ২ বিলিয়ন মার্কিন ডলারের কাছাকাছি।’

পদ্মা সেতুর পিচ ঢালাইয়ের কাজ শুরু

পদ্মা সেতুর সড়ক পথের কার্পেটিং (বিটুমিনাস ওয়ার্ক) শুরু হয়েছে। বুধবার সকাল ৯টা ৪০ মিনিট থেকে এ কাজ শুরু হয় বলে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপসচিব আবু নাসের টিপু জানিয়েছেন।

তিনি জানান, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের সকাল থেকেই এ কাজ মনিটর করছেন। এর মাধ্যমে পদ্মা সেতুতে লক্ষ্য অর্জনের মুকুটে আরেকটি পালক যোগ হয়েছে।

মন্ত্রণালয়ের দেওয়া তথ্যমতে, ইতোমধ্যে মূল সেতুর নির্মাণ কাজ

শেষ হয়েছে ৯৫ শতাংশ। প্রায় ৮৯ শতাংশ প্রকল্পের সার্বিক অগ্রগতি হয়েছে। আর নদী শাসন কাজের অগ্রগতি হয়েছে ৮৬ শতাংশ। মাওয়া ও জাজিরা প্রান্তে সংযোগ সড়কের কাজ শতভাগ শেষ হয়েছে।

আগামী বছরের জুন মাসের আগেই পদ্মা সেতু যানবাহন চলাচলের জন্য সম্পূর্ণ উপযোগী হবে বলে আশা করছেন সংশ্লিষ্টরা।

পদ্মা সেতুপথের কার্পেটিং বা পিচ ঢালাইয়ের কাজ ৪০ নম্বর খুঁটির কাছে শুরু হয়। চার লেনের সেতুটির মাঝখানে ডিভাইডার দেওয়া আছে। তাই পশ্চিম প্রান্তে এ কার্পেটিং শুরু হচ্ছে।

এর আগে পরীক্ষামূলকভাবে সেতুর ৪০ নম্বর খুঁটির কাছে ৬০ মিটার অংশে কার্পেটিং হয়েছিল। এরপর থেকেই মুন্সীগঞ্জের দিকে কার্পেটিং এগোতে থাকবে। এই কাজকে ঘিরে গেল ২০ অক্টোবর পানিপ্রতিরোধী প্রলেপ (ওয়াটারপ্রুফ লেয়ার) দেওয়া হয়েছে।

সাবেক প্রধান বিচারপতি এসকে সিনহার ১১ বছরের কারাদণ্ড

সাবেক প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার বিরুদ্ধে করা ঋণ জালিয়াতি মামলায় ১১ বছরের কারাদণ্ড দিয়েছেন আদালত।

মঙ্গলবার দুপুরে ঢাকার বিশেষ জজ আদালত-৪ এর বিচারক শেখ নাজমুল আলম এ রায় ঘোষণা করেন।

রায়ে ২ ধারায় সাবেক প্রধান বিচারপতিকে ১১ বছরের কারাদণ্ড ও মামলার বাকি আসামিদের বিভিন্ন মেয়াদে সাজা দেওয়া হয়।

এর আগে এ মামলার সাত আসামির উপস্থিতিতে রায় পড়া শুরু করেন বিচারক।

কণ্ঠশিল্পী আসিফের বিরুদ্ধে চার্জ গঠনের আদেশ আজ

জনপ্রিয় কণ্ঠশিল্পী আসিফ আকবরের বিরুদ্ধে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনে দায়ের হওয়া মামলায় অভিযোগ গঠনের বিষয়ে আদেশ দেওয়া হবে আজ। সোমবার রাষ্ট্রপক্ষ থেকে অভিযোগ গঠনের শুনানি করা হয়েছে।

এদিন ঢাকার সাইবার ট্রাইব্যুনালের বিচারক আস-সামছ জগলুল হোসেনের ট্রাইব্যুনালে মামলাটির অভিযোগ গঠন নিয়ে রাষ্ট্রপক্ষ শুনানি করে। অপরদিকে, শিল্পী আসিফের আইনজীবী মামলা থেকে তাকে অব্যাহতি দিতে আবেদন করেন। উভয়পক্ষের শুনানি শেষে আদালত এ বিষয়ে আদেশের জন্য মঙ্গলবার দিন ধার্য করেন।

আদালত সূত্র জানায়, গত ৪ জুন সন্ধ্যায় গীতিকার, সুরকার ও গায়ক শফিক বাদী হয়ে রাজধানীর তেজগাঁও থানায় মামলাটি করেন। ৫ জুন রাতে আসিফকে তার মগবাজারের অফিস থেকে গ্রেফতার করে পুলিশ। মামলায় আসিফ ছাড়াও আরও অজ্ঞাত চার-পাঁচজনকে আসামি করা হয়েছে।

মামলার অভিযোগে বলা হয়, ১ জুন রাত ৯টার দিকে একটি বেসরকারি চ্যানেলের ‘সার্চ লাইট’ অনুষ্ঠানের মাধ্যমে মামলার বাদী (শফিক তুহিন) জানতে পারেন, আসিফ অনুমতি ছাড়াই তার সংগীতকর্মসহ অন্য গীতিকার, সুরকার ও শিল্পীদের ৬১৭টি গান সবার অজান্তে বিক্রি করেছেন।

পরে তিনি বিভিন্ন মাধ্যমে যোগাযোগ করে জানতে পারেন, আসিফ তার প্রযোজনা প্রতিষ্ঠান আর্ব এন্টারটেইনমেন্টের চেয়ারম্যান হিসেবে বিভিন্ন প্রতিষ্ঠানের মাধ্যমে গানগুলো ডিজিটাল রূপান্তর করে প্রতারণার মাধ্যমে বিপুল অর্থ উপার্জন করেছেন।

এরপর মামলার বাদী ২ জুন রাতে অনুমোদন ছাড়া গান বিক্রির বিষয়টি উল্লেখ করে তার ব্যক্তিগত ফেসবুক অ্যাকাউন্ট থেকে একটি পোস্ট দেন। বাদীর ওই পাস্টের নিচে আসিফ অশালীন মন্তব্য ও হুমকি দেন। পরের দিন ১০টার দিকে আসিফ তার ভেরিফায়েড ফেসবুক পেজে লাইভে আসেন। লাখ লাখ মানুষ তার লাইভে আসেন।

লাইভে বাদীর বিরুদ্ধে অবমাননাকর, অশালীন ও মিথ্যা বক্তব্য দেন।

আসিফ লাইভে বাদীকে শায়েস্তা করবেন বলেও হুমকি দেন। একই সঙ্গে ভক্তদের উদ্দেশে বলেন, শফিক তুহিনকে (বাদী) যেখানেই পাবেন, সেখানেই প্রতিহত করবেন। আসিফের ওই বক্তব্যের পর তার ভক্তরাও ফেসবুকে শফিক তুহিনকে হুমকি দেন।

পরিবহণ ধর্মঘটের শান্তিপূর্ণ সমাধান আসছে

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, আন্তর্জাতিক বাজারের সঙ্গে সামঞ্জস্য রেখেই ডিজেল আর কেরোসিনের দাম বাড়ানো হয়েছে। রোববারের বিআরটিএ’র ভাড়া পুনর্নির্ধারণ কমিটির বৈঠক থেকে পরিবহণ ধর্মঘটের বিষয়ে শান্তিপূর্ণ সমাধান আসবে।

শুক্রবার বিকালে রাজধানীর মানিক মিয়া এভিনিউতে ঢাকা মহানগর উত্তর আওয়ামী লীগ আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

মন্ত্রী বলেন, ষড়যন্ত্র করে নয়, জনগণের ভোটে নির্বাচিত হয়েই বারবার ক্ষমতায় আসছে আওয়ামী লীগ। তাই এই দলের বিরুদ্ধে ষড়যন্ত্র করে কোনো লাভ হবে না। নেতাকর্মীরাই আওয়ামী লীগের শক্তি উল্লেখ করে মন্ত্রী বলেন, তৃণমূলের কারণেই আজ আওয়ামী লীগ শক্তিশালী দল। বাংলাদেশ সব ধর্মের মানুষের উলেখ করে তিন বলেন, সব সাম্প্রদায়িক হামলার মুখোশ উন্মোচন করা হচ্ছে। দেশ থেকে সাম্প্রদায়িক সব অপশক্তি দূর করা হবে বলেও জানান স্বরাষ্ট্রমন্ত্রী।

এদিকে কোনো আলোচনা ছাড়াই জ্বালানি তেলের দাম বৃদ্ধিতে ক্ষুব্ধ পরিবহণ মালিক সমিতির নেতাকর্মীরা। বুধবার রাতে প্রতি লিটার ডিজেল ও কেরোসিনের মূল্য ৬৫ টাকা থেকে বৃদ্ধি করে ৮০ টাকা করা হয়। প্রতিবাদে শুক্রবার সকাল থেকে ট্রাক, কাভার্ড ভ্যান ও লরিচালক-মালিকরা গাড়ি চলাচল বন্ধ রাখার ঘোষণা দেন। তাদের সঙ্গে যোগ দেন বাসচালক-মালিকরাও।

ডিজেল ও করোসিনের দাম লিটারে ১৫ টাকা বৃদ্ধি করায় দেশে তীব্র প্রতিবাদ শুরু হয়েছে। ক্ষোভ প্রকাশ করছেন সাধারণ মানুষ। ডিজেলের

দাম বৃদ্ধির প্রতিবাদে শুক্রবার সকাল থেকে পরিবহণ মালিক-শ্রমিকরা সারা দেশে ধর্মঘট শুরু করেছেন ভাড়া বৃদ্ধির দাবি নিয়ে।

এ অবস্থায় ডিজেল ও করোসিনের দাম কেন বাড়ানো হয়েছে- সেটির ব্যাখ্যা দিয়েছে সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। ব্যাখ্যায় বলা হয়, সার্বিক প্রেক্ষাপটে বৃহত্তর জাতীয় স্বার্থে সরকার গত ৪ নভেম্বর থেকে দেশে ডিজেল ও কেরোসিনের মূল্য পুনঃনির্ধারণ করেছে। যদিও আশেপাশের অন্যান্য দেশের তুলনায় বাংলাদেশে ডিজেলের মূল্য এখনও কম। গত ৩ নভেম্বর ভারতের কলকাতায় ডিজেলের মূল্য ছিল ১০১.৫৩ রুপি/লিটার বা ১২৪.৩৭ টাকা। তেলের ভেজালরোধে কেরোসিনের মূল্য ডিজেলের সমান রাখা হয়। আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের মূল্য হ্রাস পেলে সরকার পুনরায় ডিজেল ও কেরোসিনের মূল্য সমন্বয়ের উদ্যোগ গ্রহণ করবে।

পরিবহণ ধর্মঘটের দ্বিতীয় দিনেও অচল সারা দেশ, ভোগান্তি

জ্বালানি তেলের দাম বাড়ানোর প্রতিবাদে আজ শনিবারও সারা দেশে বেসরকারি বাস, মিনিবাস, ট্রাক ও কাভার্ডভ্যান চলাচল বন্ধ রয়েছে। এতে চরম ভোগান্তিতে পড়েছে মানুষ।

রাজধানীর প্রতিটি বাস স্টপেজে দেখা গেছে গাড়ির জন্য অপেক্ষমায় থাকা যাত্রীদের ভিড়। তবে সবচেয়ে বেশি দুর্ভোগের শিকার পরীক্ষা দিতে আসা পরীক্ষার্থীরা।

শনিবার গাবতলী, মিরপুর ও মহাখালী বাস টার্মিনাল এলাকা ঘুরে এমন চিত্রই দেখা গেছে।

রাজধানীর খিলগাঁও বাসস্টপেজে পরিবার নিয়ে মিরপুর ২ যাবেন বলে গাড়ির অপেক্ষা করছিলেন সালাহউদ্দিন নামের এক যাত্রী। তিনি জানান, প্রায় ৩০ মিনিট ধরে কোনো গাড়ির দেখা পাচ্ছি না। ধর্মঘট অমান্য করে যে কয়েকটি গাড়ি চলছে তাতে যাত্রীদের উপচে পড়া ভিড় রয়েছে।

এ বিষয়ে জানতে চাইলে সড়ক পরিবহণ মালিক সমিতির সাধারণ সম্পাদক খন্দকার এনায়েত উল্যাহ যুগান্তরকে বলেন, জ্বালানি তেলের দাম বাড়ানোর বিষয়টি সমাধানে বিআরটিএকে চিঠি দিয়েছিলাম। বৃহস্পতিবারই এর সমাধান করলে এ অবস্থার সৃষ্টি হতো না। তারা দীর্ঘসূত্রতা করেছে। এ কারণে ভোগান্তি হচ্ছে। এর দায় মালিকদের নয়। তবুও অনিচ্ছাকৃত এ ভোগান্তির জন্য আমরা দুঃখিত।

তিনি বলেন, সরকার হঠাৎ করেই প্রতি লিটার ডিজেল ও কেরোসিনের দাম লিটারে ১৫ টাকা বাড়িয়ে দিয়েছে। বাড়তি দামে তেলে গাড়ি চালালে প্রতি প্রতি ট্রিপে লোকসান গুনতে হবে। তাই সারা দেশে সব বাস ও ট্রাক চলাচল বন্ধ রেখেছেন মালিকরা। সরকারের সঙ্গে কোনো আলোচনা ছাড়া কীভাবে তাদের গাড়ি চালাতে বলব।

তবে মানুষের দুর্ভোগ কিছুটা লাঘব করতে বিআরটিসির বাস ও ট্রাক চলাচল করেছে বলে জানিয়েছে সংস্থাটির চেয়ারম্যান মো. তাজুল ইসলাম।

তিনি যুগান্তরকে বলেন, সারা দেশে বিআরটিসি এক হাজার ১০০ বা ও ৫০০ ট্রাক চলাচল করেছে। বর্তমান ভাড়ায় এসব বাস যাত্রী বহন করেছে।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, সরকার যখন বাসের ভাড়া বাড়াবে, তখন বিআরটিসির বাসের ভাড়া বাড়বে। সরকার ভাড়া না বাড়ালে বর্তমান ভাড়ায় যাত্রী বহন করা হবে।

জ্বালানি তেলের দাম বাড়ানোর প্রতিবাদে শুক্রবারও সকাল থেকে সারা দেশে বেসরকারি বাস, মিনিবাস, ট্রাক ও কাভার্ডভ্যান চলাচল বন্ধ থাকে।

বিভিন্ন এলাকা ঘুরে দেখা যায়, শত শত মানুষ দূরপাল্লার বিভিন্ন গন্তব্যে যাওয়ার জন্য বাস টার্মিনালে এসেছেন। লাগেজ-ব্যাগ হাতে নিয়ে টার্মিনালে আসার পর জানলেন বাস চলাচল বন্ধ। সারি সারি করে পার্কিং করা হয়েছে সব বাস ও বন্ধ রয়েছে টিকিট কাউন্টারও। অলস সময় কাটাচ্ছেন কাউন্টারের কর্মীরা; কোনো হাঁকডাক নেই।

চাকরি প্রার্থীদের স্বপ্নভঙ্গ, একদিনে ১৯ প্রতিষ্ঠানে নিয়োগ পরীক্ষা

একদিনে আবারও ১৯ টি প্রতিষ্ঠানে নিয়োগ পরীক্ষা আজ। একই দিনে এতগুলো প্রতিষ্ঠানে চাকরির পরীক্ষা থাকায় বিপাকে পড়েছেন চাকরিপ্রার্থীরা। কারণ তাদের অনেকেই একাধিক প্রতিষ্ঠানে চাকরির জন্য আবেদন করেছেন।

এর আগের শুক্রবারও (২৯ অক্টোবর) একই দিনে বিসিএসসহ ১৩ প্রতিষ্ঠানের চাকরির নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এর মধ্যে ৪৩তম বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষায় অংশ নিতে আবেদন করেছিলেন ৪ লাখের বেশি। একই দিনে একাধিক প্রতিষ্ঠানের নিয়োগ পরীক্ষা পড়ায় বিপাকে পড়েছেন চাকরিপ্রার্থীরা।

আজ সকাল, দুপুর ও বিকালে ১৯ প্রতিষ্ঠানে এসব পরীক্ষা হচ্ছে। এর মধ্যে একই সময়ে অনুষ্ঠিত হবে কয়েকটি প্রতিষ্ঠানের পরীক্ষা।

এতে কোনটা রেখে কোনটায় অংশ নেবেন-তা নিয়েই চরম বিড়ম্বনায় পড়েছেন চাকরিপ্রার্থীরা। অনেকেই কষ্টের টাকায় আবেদন করেছেন। কিন্তু একাধিক পরীক্ষা একই সময়ে হওয়ায় পরীক্ষা দিতে পারছেন না। প্রস্তুতি থাকা সত্ত্বেও পরীক্ষা দিতে না পারায় ক্ষোভ প্রকাশ করেছেন অনেকে। স্বপ্নভঙ্গ ও অর্থের অপচয় হওয়ায় চাকারিপ্রার্থীদের আক্ষেপের শেষ নেই।

আজ যে ১৯টি প্রতিষ্ঠান, মন্ত্রণালয় ও সংস্থার নিয়োগ পরীক্ষা হচ্ছে সেগুলো হচ্ছে- স্থানীয় সরকার বিভাগ, কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-১৪, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা, বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়, শ্রম আদালত সিলেট, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট, খাদ্য অধিদপ্তর, বিমান বাংলাদেশ এয়ারলাইনস, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, সমন্বিত সাতটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, পল্লী উন্নয়ন একাডেমি বগুড়া, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) এবং বাংলাদেশ মৎস্য উন্নয়ন করপোরেশন ও শিক্ষা প্রকৌশল

অধিদপ্তর।

সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের তিনটি পদের ব্যবহারিক বাদে বাকি প্রতিষ্ঠানগুলোর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। খাদ্য অধিদপ্তরে পরীক্ষা হবে দেশের ৮টি বিভাগীয় শহরে (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ)।

শ্রম আদালত সিলেটের পরীক্ষা হবে সিলেটে। পল্লী উন্নয়ন একাডেমি বগুড়ার পরীক্ষা হবে বগুড়ায়। আর বাকি সব প্রতিষ্ঠানের পরীক্ষা ঢাকায় হবে।

বাস নেই ঢাকার সড়কে, ভোগান্তিতে চাকরির পরীক্ষার্থীরা

পরিবহণ মালিক-শ্রমিকদের ডাকা লাগাতার ধর্মঘটে অনেকটাই বাসশূন্য রাজধানীর সড়ক। শুক্রবার সকাল থেকে শুরু হওয়া এই ধর্মঘটে বাস না পেয়ে চরম দুর্ভোগে পড়েছেন যাত্রী সাধারণ। বিশেষ করে চাকরি ও বিশ্ববিদ্যালয়ে ভর্তিপরীক্ষার্থীদের দুর্ভোগের শেষ নেই। আজ ১৯ টি প্রতিষ্ঠানের চাকরির নিয়োগ পরীক্ষা।

শুক্রবার সকালে রাজধানীর বিভিন্ন সড়কে খোঁজ নিয়ে জানা গেছে, যাত্রীবাহী বাস নেই কোথাও। যাও দু’একটি বিআরটিসির বাস অনেকক্ষণ পর পর আসছে তাতে তিল ধারণের ঠাঁই নেই। এক দুই ঘণ্টা পর একটি বিআরটিসি বাসের দেখা মিললে তাতে উঠার জন্য যাত্রীদের কী প্রতিযোগিতা!

রাজধানীর খিলক্ষেতে কথা হয় রুবেল নামে এক তরুণের সঙ্গে। তিনি জানান, বিকালে বাংলাদেশ ব্যাংকের নিয়োগ পরীক্ষা। সিট পড়েছে নিউমার্কেট এলাকায়। ঘণ্টাখানেক ধরে দাঁড়িয়ে আছেন কিন্তু কোনো বাস পাচ্ছেন না। ভাড়ায় চালিত মোটরসাইকেল চাচ্ছে ৩ গুন ভাড়া। পকেটে এত টাকাও নেই। হেঁটেই পরীক্ষা কেন্দ্রের দিকে ছুটছেন

রুবেল।

উত্তরার জসীমউদ্দিন রোডে কথা হয় সুফিয়া আক্তার নামে এক চাকরিপ্রার্থীর সঙ্গে। তিনি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর নিয়োগ পরীক্ষায় অংশ নেবেন। আধাঘণ্টা ধরে দাঁড়িয়ে থেকেও সড়কে কোনো গাড়ি পাননি। বাধ্য হয়ে চারগুণ ভাড়ায় সিএনজিচালিত অটোরিকশায় করে পরীক্ষাকেন্দ্রের দিকে ছুটছেন।

আবদুল্লাহপুর স্ট্যান্ডে কথা হয় রুহুল আমিন নামে এক যুবকের সঙ্গে। তিনি জানান, বিকালে ব্যাংকের নিয়োগ পরীক্ষা। সিট পড়েছে ধানমন্ডির একটি কেন্দ্রে। বাস বন্ধ থাকবে এমন সম্ভাবনার কথা গতকাল গণমাধ্যমে জেনে সকালেই রওনা হয়েছেন পরীক্ষাকেন্দ্রের দিকে। তিনি আক্ষেপ করে বলেন, বাস না পেলে পায়ে হেঁটেই যেতে হবে।

একদিনে ১৯ প্রতিষ্ঠানে নিয়োগ পরীক্ষা আজ। একই দিনে এতগুলো প্রতিষ্ঠানে চাকরির পরীক্ষা থাকায় বিপাকে পড়েছেন চাকরিপ্রার্থীরা। কারণ তাদের অনেকেই একাধিক প্রতিষ্ঠানে চাকরির জন্য আবেদন করেছেন।

আজ সকাল, দুপুর ও বিকাল— ১৯ প্রতিষ্ঠানে এসব পরীক্ষা হচ্ছে। এর মধ্যে একই সময়ে অনুষ্ঠিত হবে কয়েকটি প্রতিষ্ঠানের পরীক্ষা।
এতে কোনটি রেখে কোনটিতে অংশ নেবেন, তা নিয়েই চরম বিড়ম্বনায় পড়েছেন চাকরিপ্রার্থীরা। অনেকেই কষ্টের টাকায় আবেদন করেছেন। কিন্তু একাধিক পরীক্ষা একই সময়ে হওয়ায় পরীক্ষা দিতে পারছেন না। প্রস্তুতি থাকা সত্ত্বেও পরীক্ষা দিতে না পারায় ক্ষোভ প্রকাশ করেছেন অনেকে। স্বপ্নভঙ্গ ও অর্থের অপচয় হওয়ায় চাকরিপ্রার্থীদের আক্ষেপের শেষ নেই।

আজ যে ১৯টি প্রতিষ্ঠান, মন্ত্রণালয় ও সংস্থার নিয়োগ পরীক্ষা হচ্ছে, সেগুলো হচ্ছে— স্থানীয় সরকার বিভাগ, কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-১৪, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা, বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণকেন্দ্র, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়, শ্রম আদালত সিলেট, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট, খাদ্য অধিদপ্তর, বিমান বাংলাদেশ এয়ারলাইনস, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, সমন্বিত সাতটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, পল্লী উন্নয়ন একাডেমি বগুড়া, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

(বেবিচক) এবং বাংলাদেশ মৎস্য উন্নয়ন করপোরেশন ও শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।

সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের তিনটি পদের ব্যবহারিক বাদে বাকি প্রতিষ্ঠানগুলোর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। খাদ্য অধিদপ্তরে পরীক্ষা হবে দেশের আট বিভাগীয় শহরে (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ)।
শ্রম আদালত সিলেটের পরীক্ষা হবে সিলেটে। পল্লী উন্নয়ন একাডেমি বগুড়ার পরীক্ষা হবে বগুড়ায়। আর বাকি সব প্রতিষ্ঠানের পরীক্ষা ঢাকায় হবে।

রাজধানীর কুড়িল বিশ্বরোড এলাকায় কথা হয় গাইবান্ধা থেকে চাকরি পরীক্ষা দিতে আসা এক চাকরি প্রার্থী তোফাজ্জল হোসেনের সঙ্গে। তিনি বলেন, আজ এবং আগামীকাল আমার চাকরির পরীক্ষা আছে। গাইবান্ধা থাকে সারা রাত ভ্রমণ করে ঢাকায় পৌঁছাই। নামার পর থেকে কোনো বাস নেই। শুধু আছে সিএনজিচালিত অটোরিকশা কিন্তু ভাড়া অনেক বেশি। আমার মতো অসংখ্য পরীক্ষার্থী আজ ধর্মঘটের কারণে চরম ভোগান্তিতে পড়েছেন।

‘জেলহত্যার রায় কার্যকরে সর্বোচ্চ চেষ্টা চলছে’

১৯৭৫ সালের ৩ নভেম্বর জেলখানায় জাতীয় চার নেতাকে হত্যার রায় কার্যকরে সরকার সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাচ্ছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। জেলহত্যা দিবসে বুধবার সকালে রাজধানীর নাজিমউদ্দিন রোডে পুরাতন কারাগারে জাতীয় চার নেতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের পর তিনি এ তথ্য জানান।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জেলখানা পৃথিবীতে সবচেয়ে নিরাপদ স্থান। সে ক্ষেত্রে কীভাবে আইন ভঙ্গ করে জাতীয় চার নেতাকে হত্যা করা হলো সবাই জানে। বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের বিচার হয়েছে এবং রায় আংশিক কার্যকর হয়েছে। আর পলাতক আসামিদের আমরা খুঁজে বেড়াচ্ছি। আমরা নিজেদের আওতায় আসামিদের পেলে ফাঁসির রায় কার্যকর হবে।

জেলহত্যার রায় কার্যকরের জন্য আমরা সর্বোচ্চ প্রচেষ্টা চালাচ্ছি।

জেলহত্যার নিন্দা জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, এগুলো কারা ঘটিয়েছে তা সবাই জানে। অনেক হত্যাকারীর বিচার হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা চাইলে বঙ্গবন্ধুর হত্যাকাণ্ডের বিচার সামরিক আদালতে করতে পারতেন। কিন্তু তিনি তা করেননি। বঙ্গবন্ধুর হত্যাকারীদের বিচার প্রচলিত বিচারব্যবস্থায় হয়েছে এবং তাদের ফাঁসি হয়েছে।

আসাদুজ্জামান খাঁন কামাল বলেন, ১৯৭৭ সালে জিয়াউর রহমান সেনা বিদ্রোহের নামে যে শত শত লোককে হত্যা করেছে, সেটিও একটি ন্যক্কারজনক ঘটনা।

স্বরাষ্ট্রমন্ত্রীর পর ফুল দিয়ে জাতীয় চার নেতাকে শ্রদ্ধা নিবেদন করেন শহীদ তাজউদ্দীন আহমদের ছেলে তানজীম আহমেদ সোহেল তাজ, সিমিন হোসেন রিমি, শহীদ ক্যাপ্টেন এম মনসুর আলীর ছেলে রেজাউল করিম, ঢাকা-৭ আসনের সংসদ সদস্য হাজী মো. সেলিম, সাবেক সংসদ সদস্য ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন, কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল আনিসুর রহমান প্রমুখ।

সুস্থ হয়ে উঠছেন খালেদা জিয়া: ডা. জাহিদ

হাসপাতালে চিকিৎসাধীন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া ধীরে ধীরে সুস্থ হয়ে উঠছেন বলে জানিয়েছেন তার ব্যাক্তিগত চিকিৎসকরা।

সোমবার বিকালে তার ব্যক্তিগত চিকিৎসক অধ্যাপক ডা. এজেডএম জাহিদ হোসেন সাংবাদিকদের জানান, ম্যাডাম (খালেদা জিয়া) সুস্থ হয়ে উঠছেন। মেডিকেল বোর্ড নিয়মিত তার বায়োপসিসহ বিভিন্ন পরীক্ষা- নিরীক্ষার রিপোর্টসমূহ পর্যালোচনা করে চিকিৎসা দিচ্ছেন। হাসপাতালে কেবিন আছেন বিএনপি চেয়ারপারসন। হাসপাতাল এবং মাঝে-মধ্যে বাসা থেকে রান্না করা খাবার খাচ্ছেন তিনি।